


## ১। উপযুক্ততা ও পদ সংখ্যা।

| শাখার নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | জেলা |
|---|---|---|---|
| ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) | ২৮৫ | ন্যূনতম এসএসসি (বিজ্ঞান)/সমমান (মাদ্রাসা (বিজ্ঞান) ও ভোকেশনাল), জিপিএ ৩.৫০ ও তদূর্ধ্ব। এসএসসি পরীক্ষায় উচ্চতর গণিতধারী প্রার্থী এবং বিএন ডকইয়ার্ড কো-অপারেটিভ সোসাইটি টেকনিক্যাল ইনস্টিটিউট হতে ন্যূনতম 'এ' গ্রেড প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | সকল জেলা |
| পেট্রোলম্যান | ১২ | ন্যূনতম এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল), জিপিএ ৩.০০ ও তদূর্ধ্ব। | |
| রাইটার | ১৮ | | |
| স্টোর | ১৮ | | |
| মেডিকেল | ১০ | ন্যূনতম জীববিজ্ঞানসহ এসএসসি (বিজ্ঞান)/সমমান, জিপিএ ৩.৫০ ও তদূর্ধ্ব। | |
| কুক | ২৫ | ন্যূনতম এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল), জিপিএ ২.৫০ ও তদূর্ধ্ব। | |
| স্টুয়ার্ড | ১৩ | | |
| টোপাস | ১২ | ন্যূনতম ৮ম শ্রেণি পাস। | |
| এমওডিসি(নৌ) | ৭ | ন্যূনতম এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল), জিপিএ ৩.০০ ও তদূর্ধ্ব। | |

## ২। শারীরিক যোগ্যতা (ন্যূনতম)।

| শাখা | উচ্চতা | বুকের মাপ | ওজন | চোখের দৃষ্টি |
|---|---|---|---|---|
| সিম্যান | ১৬৭.৫ সে.মি. (৫'-৬") | ৭৬-৮১ সে.মি. (৩০"-৩২") সম্প্রসারণ ৫ সে.মি. (২") | বয়স ও উচ্চতা অনুযায়ী | ৬/৬ |
| পেট্রোলম্যান | ১৭২.৫ সে.মি. (৫'-৮") | | | |
| অন্যান্য শাখা (কমিউনিকেশন, টেকনিক্যাল, মেডিকেল, রাইটার, স্টোর, কুক, স্টুয়ার্ড ও টোপাস) | ১৬২.৫ সে.মি. (৫'-৪") | | | |
| এমওডিসি(নৌ) | ১৬৭.৫ সে.মি. (৫'-৬") | | | |

## ৩। অন্যান্য শর্তাবলী (সকল পদবির জন্য)।

ক। বাংলাদেশী পুরুষ নাগরিক খ। সাঁতার জানা অত্যাবশ্যক গ। অবিবাহিত (বিপত্নীক/তালাকপ্রাপ্ত নয়) ঘ। বয়স : ০১ জুলাই ২০২৫ (১) নাবিক : ১৭ থেকে ২০ বছর (২) এমওডিসি(নৌ) : ১৭ থেকে ২২ বছর। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

## ৪। অযোগ্যতা।

ক। বাংলাদেশ বা অন্য কোন দেশে প্রচলিত বলবৎযোগ্য কোন আইন ও বিধির অধীনে গ্রেফতার, দোষী সাব্যস্ত, বন্দী, আটক অথবা কোন মামলায় অভিযুক্ত হয়ে কোন বিচারালয়ে বিচারাধীন থাকলে। খ। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকরি থেকে অপসারিত/বহিষ্কৃত হলে। গ। দ্বৈত নাগরিকত্ব। ঘ। সশস্ত্র বাহিনীর বুনিয়াদী প্রশিক্ষণ চলাকালীন স্বেচ্ছায় চাকরি ত্যাগ করলে।

## ৫। প্রয়োজনীয় সনদপত্রের বিস্তারিত বিবরণ।

ক। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(১) এসএসসি পাস প্রার্থীদের মূল অথবা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র।

(২) এসএসসি পরীক্ষার মূল মার্কশিট, মূল রেজিস্ট্রেশন কার্ড, মূল এডমিট কার্ড এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্র। উল্লেখ্য কোন কারণে যারা মূল কাগজপত্র দিতে অপারগ হবে, তারা ভর্তি হওয়ার সময় ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) জমা দিলে চলবে। তবে নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়, বানৌজা শের-ই-বাংলা, লালুয়া, কলাপাড়া, পটুয়াখালীতে প্রশিক্ষণের জন্য যোগদানের সময় অবশ্যই মূলকপি জমা দিতে হবে।

(২) অধিক শিক্ষাগত যোগ্যতার যে কোন প্রার্থীগণকে ভর্তি করা যাবে, ভর্তিকালীন সময়ে অধিক শিক্ষাগত যোগ্যতার সনদ সঙ্গে নিয়ে আসতে হবে। তবে তারা এজন্য কোন অতিরিক্ত সুযোগ-সুবিধা পাবেন না।

(৩) ৮ম শ্রেণি পাস প্রার্থীদের স্কুল হতে পাসকৃত সনদপত্র ও পরীক্ষার মার্কশিট জমা দিতে হবে।

খ। জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র। স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনারের নিকট হতে গৃহীত জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র (বৈবাহিক অবস্থা ও স্থায়ী বাসস্থানের উল্লেখ থাকতে হবে)।

গ। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র। ১ম শ্রেণির গেজেটেড অফিসার/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/কমিশনার কর্তৃক প্রার্থীর জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং পিতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ। অভিভাবকের সম্মতিপত্র। স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

ঙ। ছবি। সদ্য তোলা পাসপোর্ট আকারের প্রার্থীর নিজের ১৫ কপি, পিতার ১ কপি এবং মাতার ১ কপি রঙিন ছবি (ল্যাব প্রিন্ট) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

চ। চাকরিরত প্রার্থীগণের নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র আনতে হবে।

## ৬। আবেদনপত্র সংগ্রহ ও পূরণ।

Sailor পদে আবেদনকারী প্রার্থীগণকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এ Sailor Section/Apply Now এ ক্লিক করে প্রথমেই প্রার্থীকে প্রাক্‌যোগ্যতা যাচাই করত নাবিক ও এমওডিসি(নৌ) এর শাখা ভিত্তিক Job Description (দায়িত্ব ও কর্তব্য) জেনে Apply Now বাটনে ক্লিক করতে হবে। এরপর Sign Up/Sign In করে প্রার্থীকে ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে হবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমন: Visa, Master Card, American Express, Nexus) এবং মোবাইল ব্যাংকিং (যেমন: বিকাশ, নগদ, রকেট, TAP, ok wallet) ইত্যাদির মাধ্যমে ৩০০/০০ (টাকা তিনশত) টাকার (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। পেমেন্ট Successfully Complete হওয়ার পর নির্দেশনা অনুসরণ করত সঠিক তথ্য দিয়ে Online আবেদন ফরমটি পূরণ করতে হবে। পূরণকৃত ফরমটি সঠিক আছে কিনা পুনরায় যাচাই করে সকল তথ্য সঠিক থাকলে 'জমা দিন' বাটনে ক্লিক করে 'নাবিক-১' ফরমটি ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে এই বিজ্ঞাপনে প্রদত্ত তারিখ ও সময় অনুযায়ী নির্দিষ্ট কেন্দ্রে নির্দিষ্ট সময়ে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে। যদি কোন প্রার্থী উক্ত আবেদন পত্রটি ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে ওয়েব সাইটে পুনরায় Sign In করে আবেদন পত্রটি ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

## ৭। ভর্তি পদ্ধতি।

অনলাইনে আবেদনকারীগণকে পূরণকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে বিজ্ঞপ্তি মোতাবেক ফর্মে উল্লেখিত সকল সার্টিফিকেট ও কাগজপত্রসহ নিম্নবর্ণিত ছক মোতাবেক নিজ শাখার নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। প্রার্থীর সকল কাগজপত্র সঠিক পাওয়া গেলে তাকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে। প্রাথমিকভাবে নির্বাচিতগণের ইংরেজি, বাংলা, গণিত, বিজ্ঞান এবং সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা (HbsAg এবং Dope Test সহ) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সকল জেলার সকল শাখার প্রার্থীদের পরীক্ষা কার্যক্রম সম্পন্ন হওয়ার পর মেধাক্রম অনুসারে চূড়ান্ত ফলাফল অনলাইন, জাতীয় দৈনিক পত্রিকা এবং এসএমএস এর মাধ্যমে প্রকাশ করা হবে।

## ৮। চাকরির সুবিধাদি।

ক। বেতন ও ভাতাদি। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।

খ। অন্যান্য। (১) বিনামূল্যে ইউনিফর্ম, থাকা, খাওয়া ও চিকিৎসার সুবিধা। (২) পারিবারিক রেশন সুবিধা। (৩) অবসর গ্রহণকালে অবসর ভাতা এবং গ্রাচুইটির সুবিধা। (৪) চাকরিকালীন যোগ্যতার ভিত্তিতে নন-কমিশন্ড অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার এবং বিশেষ যোগ্যতার ক্ষেত্রে কমিশন্ড অফিসার পদে পদোন্নতির সুযোগ। (৫) চাকরিকালীন অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা পঙ্গু হলে পদবিভিত্তিক বীমা সুবিধা এবং পরিবারের জন্য বেনেভোলেন্ট ফান্ডের আর্থিক সুবিধা। (৬) বিদেশে প্রশিক্ষণ, নৌবাহিনীর জাহাজে বিদেশে শুভেচ্ছা সফর, বিদেশ থেকে জাহাজ আনয়ন ও জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণের মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ। (৭) বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে নিয়োগ প্রাপ্তির সুযোগ। (৮) নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি। (৯) সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা ইত্যাদি।

## ভর্তির জন্য প্রয়োজনীয় সনদপত্রসহ নির্ধারিত ভর্তি কেন্দ্রে সকাল ০৮০০ ঘটিকায় নিম্নবর্ণিত তারিখে উপস্থিত হউন :

### কেন্দ্রের নাম: বানৌজা ঢাকা, খিলক্ষেত, ঢাকা।

| তারিখ | শাখা | জেলা |
|---|---|---|
| ১৫ এপ্রিল ২০২৫ | পেট্রোলম্যান/ রাইটার/ স্টোর/ এমওডিসি (নৌ) | রংপুর, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, দিনাজপুর, গাইবান্ধা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর, ঢাকা, মানিকগঞ্জ, গাজীপুর, নরসিংদী, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, টাঙ্গাইল, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলা। |
| ১৬ এপ্রিল ২০২৫ | | |
| ১৭ এপ্রিল ২০২৫ | | |
| ১৯ এপ্রিল ২০২৫ | | |
| ২০ এপ্রিল ২০২৫ | | |
| ২১ এপ্রিল ২০২৫ | | |
| ২২ এপ্রিল ২০২৫ | | |
| ২৩ এপ্রিল ২০২৫ | | |
| ২৪ এপ্রিল ২০২৫ | | |
| ২৬ এপ্রিল ২০২৫ | | |
| ২৭ এপ্রিল ২০২৫ | কুক/ স্টুয়ার্ড | |
| ২৮ এপ্রিল ২০২৫ | | |
| ২৯ এপ্রিল ২০২৫ | ডিই/ইউসি | |
| ৩০ এপ্রিল ২০২৫ | | |
| ০৪ মে ২০২৫ | | |
| ০৫ মে ২০২৫ | | |
| ০৬ মে ২০২৫ | মেডিকেল | |
| ০৭ মে ২০২৫ | | |
| ০৮ মে ২০২৫ | পেট্রোলম্যান/ রাইটার/ স্টোর/ এমওডিসি (নৌ) | |
| ১০ মে ২০২৫ | | |
| ১২ মে ২০২৫ | | |
| ১৩ মে ২০২৫ | | |
| ১৪ মে ২০২৫ | কুক/ স্টুয়ার্ড | |
| ১৫ মে ২০২৫ | টোপাস | |
| ১৭ মে ২০২৫ | ডিই/ইউসি | |
| ১৮ মে ২০২৫ | | |
| ১৯ মে ২০২৫ | | |
| ২০ মে ২০২৫ | | |
| ২১ মে ২০২৫ | | |
| ২২ মে ২০২৫ | | |
| ২৯ মে ২০২৫ | ফলাফল প্রকাশ (অনলাইন, জাতীয় দৈনিক পত্রিকা এবং এসএমএস) | |

### কেন্দ্রের নাম: বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা।

| তারিখ | শাখা | জেলা |
|---|---|---|
| ১৫ এপ্রিল ২০২৫ | পেট্রোলম্যান/ রাইটার/ স্টোর/ এমওডিসি (নৌ) | রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, জয়পুরহাট, বগুড়া, নওগাঁ, মাদারীপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরিয়তপুর, ফরিদপুর, পটুয়াখালী, ভোলা, বরগুনা, বরিশাল, খুলনা, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মেহেরপুর, যশোর, নড়াইল ও কুষ্টিয়া জেলা। |
| ১৬ এপ্রিল ২০২৫ | | |
| ১৭ এপ্রিল ২০২৫ | | |
| ১৯ এপ্রিল ২০২৫ | | |
| ২০ এপ্রিল ২০২৫ | | |
| ২১ এপ্রিল ২০২৫ | | |
| ২২ এপ্রিল ২০২৫ | | |
| ২৩ এপ্রিল ২০২৫ | | |
| ২৪ এপ্রিল ২০২৫ | | |
| ২৬ এপ্রিল ২০২৫ | | |
| ২৭ এপ্রিল ২০২৫ | কুক/ স্টুয়ার্ড | |
| ২৮ এপ্রিল ২০২৫ | | |
| ২৯ এপ্রিল ২০২৫ | ডিই/ইউসি | |
| ৩০ এপ্রিল ২০২৫ | | |
| ০৪ মে ২০২৫ | | |
| ০৫ মে ২০২৫ | | |
| ০৬ মে ২০২৫ | মেডিকেল | |
| ০৭ মে ২০২৫ | | |
| ০৮ মে ২০২৫ | পেট্রোলম্যান/ রাইটার/ স্টোর/ এমওডিসি (নৌ) | |
| ১০ মে ২০২৫ | | |
| ১২ মে ২০২৫ | | |
| ১৩ মে ২০২৫ | | |
| ১৪ মে ২০২৫ | কুক/ স্টুয়ার্ড | |
| ১৫ মে ২০২৫ | টোপাস | |
| ১৭ মে ২০২৫ | ডিই/ইউসি | |
| ১৮ মে ২০২৫ | | |
| ১৯ মে ২০২৫ | | |
| ২০ মে ২০২৫ | | |
| ২১ মে ২০২৫ | | |
| ২২ মে ২০২৫ | | |
| ২৯ মে ২০২৫ | ফলাফল প্রকাশ (অনলাইন, জাতীয় দৈনিক পত্রিকা এবং এসএমএস) | |

### কেন্দ্রের নাম: নৌবাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, টাইগার পাস, চট্টগ্রাম।

| তারিখ | শাখা | জেলা |
|---|---|---|
| ০৪ মে ২০২৫ | ডিই/ইউসি | কুমিল্লা, চাঁদপুর, লক্ষীপুর, ফেনী, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা। |
| ০৫ মে ২০২৫ | | |
| ০৬ মে ২০২৫ | মেডিকেল | |
| ০৭ মে ২০২৫ | | |
| ০৮ মে ২০২৫ | পেট্রোলম্যান/ রাইটার/ স্টোর/ এমওডিসি (নৌ) | |
| ১০ মে ২০২৫ | | |
| ১২ মে ২০২৫ | | |
| ১৩ মে ২০২৫ | | |
| ১৪ মে ২০২৫ | কুক/ স্টুয়ার্ড | |
| ১৫ মে ২০২৫ | টোপাস | |
| ২৯ মে ২০২৫ | ফলাফল প্রকাশ (অনলাইন, জাতীয় দৈনিক পত্রিকা এবং এসএমএস) | |

### ফলাফলে উত্তীর্ণ প্রার্থীদের ফরম পূরণ ও নিয়োগ প্রদান

প্রকাশিত ফলাফলে রোল অনুযায়ী নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে।

| কেন্দ্রের নাম | তারিখ | শাখা |
|---|---|---|
| বানৌজা ঢাকা, খিলক্ষেত, ঢাকা। | ১৫ জুন ২০২৫ | ডিইইউসি |
| | ১৬ জুন ২০২৫ | ডিইইউসি |
| | ১৭ জুন ২০২৫ | ডিইইউসি, মেডিকেল |
| | ১৮ জুন ২০২৫ | পেট্রোলম্যান, রাইটার, স্টোর, কুক, স্টুয়ার্ড, টোপাস ও এমওডিসি (নৌ) |

### বিশেষ দ্রষ্টব্য।

ক। নির্বাচিত প্রার্থীগণকে রিক্রুটিং টিম কর্তৃক নির্দেশিত তারিখে (পরিবর্তনযোগ্য) বানৌজা শের-ই-বাংলা, লালুয়া, কলাপাড়া, পটুয়াখালীতে যোগদান করতে হবে।

খ। ক্ষুদ্রজাতি গোষ্ঠীর ক্ষেত্রে সকল শাখার জন্য উচ্চতা ১৬২.৫ সে.মি. (৫'-৪") গ্রহণযোগ্য।

গ। নাবিক ভর্তির লক্ষ্যে ভূমিহীন নাবিকদের মধ্যে যারা ভাড়া বাসায় সরকারি খাস জমির উপর নির্মিত বসতবাড়ীতে বসবাস করে তাদের সংশ্লিষ্ট প্রশাসন (উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ/কাউন্সিলর) হতে ভূমিহীন হিসেবে প্রত্যয়নপত্র নিতে হবে।

ঘ। মিথ্যা তথ্য প্রদান ও ঠিকানা জালিয়াতি করে কেউ ভর্তি হলে তার বিরুদ্ধে নৌবাহিনীর আইন মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ। ভর্তি কেন্দ্রে প্রার্থীদের মোবাইল, ঘড়ি ও যেকোন ধরনের ইলেকট্রনিক গেজেট আনা যাবে না।

চ। নিজ জেলা হতে অন্য জেলায় স্থানান্তরিত হয়ে স্থায়ী বাড়ীসহ বসবাসকৃতদের সংশ্লিষ্ট উভয় এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে নাগরিকত্ব সনদ/স্থানান্তরিত হওয়ার সনদ আনতে হবে।

**স্থায়ী স্বাস্থ্য সমস্যার জন্য একাধিকবার অযোগ্য বিবেচিত প্রার্থীগণকে আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।**

## বিশেষ বিজ্ঞপ্তি

**আপনি যেভাবে প্রতারিত হতে পারেন** ◆ প্রতারক চক্র আপনার আশেপাশে আপনাকে ফাঁদে ফেলার জন্য অপেক্ষা করছে। ◆ আর্থিক বা বৈবাহিক প্রতিশ্রুতির মাধ্যমে প্রতারক চক্র চাকরি দেবার আশ্বাস দিতে পারে। ◆ বিভিন্নভাবে চাকরিরত নৌসদস্যদের পরিচিতির মাধ্যমে চাকরি প্রদানের প্রতিশ্রুতি দিতে পারে। ◆ সরকারি/বেসরকারি চাকরিরত যে কোন ব্যক্তি অবৈধভাবে অর্থ লাভের আশায় আপনাকে চাকরির জন্য প্রলুব্ধ করতে পারে। ◆ দালাল/প্রতারকরা চাকরি না হলে টাকা ফেরতের প্রতিশ্রুতি দিতে পারে এবং ক্ষেত্র বিশেষে টাকা ফেরত দিয়ে অন্যান্যদের আস্থা অর্জন করতে পারে। ◆ দালাল/প্রতারকরা আপনার আস্থা অর্জনের জন্য শারীরিক পরীক্ষার নাম করে সামরিক হাসপাতালের ভুয়া মেডিকেল যোগ্যতা সনদপত্র প্রদান করতে পারে। ◆ দালাল/প্রতারকরা নিজেদেরকে সরকারি/রাজনীতিবিদ/নৌবাহিনীর কর্মকর্তাদের আত্মীয়/বিশেষ পরিচিত হিসেবে উপস্থাপন করতে পারে। ◆ দালাল/প্রতারকরা আপনাকে প্রভাবিত করতে নিজে পরীক্ষা কেন্দ্র পর্যন্ত যেতে পারে এবং বিভিন্ন মাধ্যমে আস্থা অর্জনের চেষ্টা করতে পারে। ◆ স্বাভাবিকভাবে চাকরি প্রাপ্তির পরও প্রতারক চক্র নানাভাবে তাদের সংশ্লিষ্টতা প্রমাণ করার চেষ্টা এবং অর্থ দাবী করতে পারে। ◆ স্বাভাবিকভাবে চাকরি প্রাপ্তির পরও প্রতারক চক্র ছলেবলে কৌশলে যোগদান পত্র হস্তগত করে অর্থ দাবী করতে পারে। ◆ প্রতারক চক্র অনলাইনে আবেদনের ব্যাপারে সবরকম সহযোগিতা করে থাকে এবং মোবাইলে এসএমএস পাবার প্রতিশ্রুতি দিতে পারে। ◆ প্রতারক চক্র আপনাকে ভুয়া যোগদানপত্র দিয়ে প্রশিক্ষণ কেন্দ্রে পাঠাতে পারে। ◆ স্বাভাবিক চাকরি প্রাপ্তির পর প্রতারক চক্র আপনার নামে ভুয়া কেস দেখিয়ে অর্থ দাবী করতে পারে।

**হুঁশিয়ারি** ◆ নৌবাহিনী কর্তৃক প্রচারপত্র ভালভাবে পড়ুন এবং নির্দেশাবলী অনুসরণ করুন। ◆ আপনার এলাকায় পরিচিত/অপরিচিত লোকের চাকরির প্রলোভনের ব্যাপারে সজাগ থাকুন। ◆ সৎ পেশায় যোগদানের জন্য অনৈতিক আর্থিক লেনদেন পরিহার করুন। ◆ ঘুষ গ্রহণ ও প্রদানকারী সমান অপরাধে অপরাধী। ◆ কোন ব্যক্তি চাকরি দেয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন। ◆ যদি কোন ব্যক্তি সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান ব্যতীত অন্য কোন স্থান বা তারিখে নিয়োগ প্রদান করতে চায় তবে নিশ্চিতভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন। ◆ প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ নৌঘাটির নৌপুলিশকে অথবা টেলিফোন নম্বর ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২১৪৭ অথবা ০১৭৬৯-৭০২১৪৫ এ অবহিত করুন।

**জেনে রাখুন** ◆ নৌবাহিনীতে আর্থিক লেনদেনের মাধ্যমে ভর্তি হওয়া দণ্ডনীয় অপরাধ। ◆ আর্থিক লেনদেনে জড়িত থাকলে যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীও যে কোন সময় বহিষ্কৃত হতে পারে। ◆ প্রতারক চক্র সাধারণতঃ নৌবাহিনীর রিক্রুটিং টিম এর সাথে সংশ্লিষ্টদের অজান্তে তাদের নাম ভাঙ্গিয়ে অর্থ/উৎকোচ গ্রহণ করে। ◆ দালাল/প্রতারকদের সন্ধান দিয়ে যোগ্য প্রার্থী নির্বাচনে সহায়তা করুন। ◆ নৌবাহিনীতে নাবিক ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান অনুযায়ী নৌ রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে। বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়। ◆ প্রাথমিক নির্বাচন, প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, লিখিত ও চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা একই দিনে ভর্তির স্থানে সকলের সম্মুখেই অনুষ্ঠিত হয়-এ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই। ◆ নিজ জেলা ব্যতীত অন্য জেলায় ভুয়া কাগজপত্র প্রদর্শনের মাধ্যমে ভর্তির প্রয়াস পরবর্তীতে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে বহিষ্কার করা হয় এবং প্রয়োজনে শাস্তি প্রদান করা হয়। ◆ যে কোন প্রকার সুপারিশ অযোগ্য হিসেবে বিবেচিত হবে। ◆ চাকরিতে যোগদানের পূর্বে কেউ বিবাহ বন্ধনে আবদ্ধ থাকলে তাকে অনতিবিলম্বে চাকরিচ্যুত করা হবে।

**বিশেষ দ্রষ্টব্য** ❒ জনসমাগম এড়ানোর লক্ষ্যে প্রার্থীদের কোনো অভিভাবকের ভর্তি কেন্দ্রে আগমন সম্পূর্ণ নিষিদ্ধ। ❒ প্রার্থীদের ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শাখা নির্ধারিত হবে বিধায় আবেদনকৃত শাখাই চূড়ান্ত নয়। ❒ বিশেষ কারণে উল্লেখিত তারিখসমূহ পরিবর্তনশীল।

পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩। ফোন : ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫।
হেল্প লাইন : ০৯৬১৩৪৬২২১৫ (০৮০০-১৪৩০ ঘটিকা), ০১৭৬৯৭০২২১৫ (০৮০০-২০০০ ঘটিকা)
website : www.joinnavy.navy.mil.bd

**অনলাইনে আবেদনের তারিখ : ১৭ মার্চ - ১২ এপ্রিল ২০২৫**

# বাংলাদেশ নৌবাহিনী

www.navy.mil.bd

বিজ্ঞপ্তি নং ২৩.০২.২৬২৬.১৪৬.১১.০২৭.২৫.৮৫২

তারিখঃ ০৬ মার্চ ২০২৫

# বাংলাদেশ নৌবাহিনীতে ১৩তম থেকে ২০তম গ্রেড পর্যন্ত বেসামরিক কর্মচারী নিয়োগ

১। বাংলাদেশ নৌবাহিনীর সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত বেসামরিক শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত এবং অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| (ক) | (খ) | (গ) | (ঘ) |
| (১) | জুনিয়র সাইন্টিফিক এ্যাসিস্ট্যান্ট,<br>(গ্রেড-১৩, বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা বা রসায়নবিদ্যায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (২) | উচ্চমান সহকারী,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ৭ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৩) | স্টোর হাউজম্যান,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ১০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৪) | স্টোর হাউজ সহকারী,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৫) | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ৬ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে সর্বনিম্ন গতি থাকতে হবে:<br>(অ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ।<br>(আ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ।<br>(ঘ) সাঁটমুদ্রাক্ষরের ক্ষেত্রে সর্বনিম্ন গতি থাকতে হবে।<br>(অ) ইংরেজি: প্রতি মিনিটে ৭০ শব্দ।<br>(আ) বাংলা: প্রতি মিনিটে ৪৫ শব্দ। |
| (৬) | ল্যাবরেটরী এ্যাসিস্ট্যান্ট,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে রসায়নবিদ্যাসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৭) | সহকারী এক্সামিনার,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নবিদ্যা, পদার্থবিদ্যা বা গণিত বিষয়সহ বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৮) | ক্যাশিয়ার,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগের যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৯) | লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ৪ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা। |
| (১০) | নার্স,<br>(গ্রেড-১৪, বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০) | ৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত নার্সিং কলেজ বা ইন্সটিটিউট হতে অন্যূন ৩ (তিন) বৎসরের নার্সিং এ ডিপ্লোমা। |
| (১১) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক,<br>(গ্রেড-১৬, বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০) | ৫৩ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে সর্বনিম্ন গতি থাকতে হবে:<br>(অ) ইংরেজি: প্রতি মিনিটে ২০ শব্দ।<br>(আ) বাংলা: প্রতি মিনিটে ২০ শব্দ। |
| (১২) | স্টোরম্যান,<br>(গ্রেড-১৬, বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০) | ২০ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৩) | জুনিয়র টাইম কিপার,<br>(গ্রেড-১৬, বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০) | ১ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৪) | টেলিফোন অপারেটর,<br>(গ্রেড-১৬, বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০) | ৮ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| (১৫) | মোয়াজ্জিন,<br>(গ্রেড-১৬, বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০) | ১ | কোন স্বীকৃত বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৬) | ডার্করুম টেকনিশিয়ান,<br>(গ্রেড-১৬, বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০) | ১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (১৭) | কম্পোজিটর,<br>(গ্রেড-১৬, বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০) | ১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (১৮) | মিডওয়াইফ,<br>(গ্রেড-১৬, বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০) | ১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ:<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে ধাত্রীবিদ্যায় সনদপ্রাপ্ত; এবং<br>(গ) সাধারণ নার্সিং পেশায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| (১৯) | ল্যাবরেটরী এটেনডেন্ট,<br>(গ্রেড-১৭, বেতন স্কেল: ৯০০০-২১৮০০) | ৯ | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (২০) | বাইন্ডার,<br>(গ্রেড-১৭, বেতন স্কেল: ৯০০০-২১৮০০) | ২ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বুক বাইন্ডিং এর কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| (২১) | ট্রেসার,<br>(গ্রেড-১৭, বেতন স্কেল: ৯০০০-২১৮০০) | ৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড বা ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে ট্রেড কোর্স উত্তীর্ণ। |
| (২২) | আয়া,<br>(গ্রেড-১৯, বেতন স্কেল: ৮৫০০-২০৫৭০) | ৩ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (২৩) | এমটি ক্লিনার,<br>(গ্রেড-১৯, বেতন স্কেল: ৮৫০০-২০৫৭০) | ১ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (২৪) | ফায়ারম্যান,<br>(গ্রেড-১৯,<br>বেতন স্কেল: ৮৫০০-২০৫৭০) | ১৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) শারীরিক যোগ্যতা (অন্যূন): উচ্চতা-৫-৪, ওজন-১১০ পাউন্ড, বুকের মাপ ৩০-৩২ হতে হবে। |
| (২৫) | অফিস সহায়ক, (গ্রেড-২), (গ্রেড-২০,<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০) | ১৬ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (২৬) | লস্কর,<br>(গ্রেড-২০, বেতন স্কেল: ৮২৫০-২০০১০) | ১ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| (২৭) | ওয়ার্ডবয়,<br>(গ্রেড-২০, বেতন স্কেল: ৮২৫০-২০০১০) | ৩ | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (২৮) | ফিল্ড হেলথ ওয়ার্কার,<br>(গ্রেড-২০, বেতন স্কেল: ৮২৫০-২০০১০) | ১ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (২৯) | অদক্ষ শ্রমিক,<br>(গ্রেড-২০, বেতন স্কেল: ৮২৫০-২০০১০) | ৪৯ | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৩০) | খাকরব,<br>(গ্রেড-২০, বেতন স্কেল: ৮২৫০-২০০১০) | ১৭ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (৩১) | ওয়াসারম্যান,<br>(গ্রেড-২০, বেতন স্কেল: ৮২৫০-২০০১০) | ২ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (৩২) | বারবার,<br>(গ্রেড-২০, বেতন স্কেল: ৮২৫০-২০০১০) | ১ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| | মোট= | ২৫২ | |

**অনলাইনে আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

২। প্রার্থীদের বয়স ০৫ এপ্রিল ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে না।

৪। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকরি থেকে বহিষ্কৃত হলে আবেদন করা যাবে না।

৫। প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি যথা: প্রার্থীর নাম, জন্ম তারিখ, পিতা ও মাতার নামের সাথে শিক্ষা সনদ এবং অন্যান্য কাগজপত্রে উল্লিখিত তথ্যাদির সামঞ্জস্য থাকা আবশ্যক।

৬। প্রার্থীগণকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

ক। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

খ। পূরণকৃত Application Form সহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ১(এক) সেট ফটোকপি এবং ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে;

গ। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/পৌর চেয়ারম্যান/মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঘ। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র/কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;

ঙ। আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

চ। আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের হলে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;

ছ। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

জ। বৈধ জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ১(এক) কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে; এবং

ঝ। চারিত্রিক সনদপত্রে এবং সত্যায়ন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর থাকতে হবে।

৭। প্রার্থী নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং অনিবার্য কারণবশতঃ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৯। **আবেদনপত্র পুরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক। আগ্রহী প্রার্থীগণ http://bndcp.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পুরণ করতে পারবেন। অনলাইনে আবেদপত্র পুরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী http://bndcp.teletalk.com.bd ও www.navy.mil.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

(i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১ মার্চ ২০২৫ সকাল ১০.০০টা।

(ii) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫ এপ্রিল ২০২৫ বিকাল ৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। Online আবেদনপত্রে প্রার্থী নিজের রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। ভুল বা অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। Applicant's copy তে User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক ০১ হতে ১৮ নম্বর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো টাকা মাত্র) টাকা, ক্রমিক ১৯ হতে ৩২ নম্বর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন টাকা মাত্র) টাকা এবং অনগ্রসর নাগরিকদের ক্ষেত্রে সকল পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন টাকা মাত্র) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।

**প্রথম SMS :** BNDCP<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

**Example :** BNDCP ABCDEF & send to 16222.

**Reply SMS :** Applicants Name. Tk 112/- or Tk 56/- will be charged as application fee.

Your PIN is 12345678, To pay fee Type BNDCP<space>YES<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS :** BNDCP<space>YES<space>PIN Code লিখে send করতে হবে 16222 নম্বরে।

**Example :** BNDCP YES 12345678 & send to 16222.

**Reply SMS :** Congratulations Applicant's Name, payment completed successfully for BNDCP Application for (post name) User ID is (ABCDEF) and Password (******).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন, এই Password টি Admit card (প্রবেশপত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

চ। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print (সম্ভব হলে) করে নিবেন। প্রার্থী Printed প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bndcp.teletalk.com.bd অথবা বাংলাদেশ নৌবাহিনীর নিজস্ব ওয়েবসাইট www.navy.mil.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

ঝ। শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: BNDCP<space>Help<space>User<space> User ID & Send to 16222.

Example: BNDCP help user ABCDEF

(ii) PIN Number জানা থাকলে: BNDCP<space>Help<space>PIN<space> PIN No & Send to 16222.

Example: BNDCP help PIN 12345678 & Send to 16222.

ঞ। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা যে কোন অপারেটরের ফোন নম্বর থেকে ০১৫০০-১২১১২১ নম্বর এ কল করতে পারবেন। এছাড়া vas.query@teletalk.com.bd এবং alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject এ Organization BNDCP, Post Name: *******, Application User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১০। প্রত্যেক প্রার্থীকে অবশ্যই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা Application Form এ উল্লেখ করতে হবে।

১১। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারকচক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদসমূহ প্রধানত চট্টগ্রাম ও খুলনা নৌ অঞ্চলে অবস্থিত সংস্থা/ঘাঁটির জন্য। এ প্রেক্ষিতে বর্ণিত পদসমূহে চূড়ান্তভাবে নিয়োগকৃত প্রার্থীগণ চট্টগ্রাম ও খুলনা নৌ অঞ্চলে নিয়োজিত হবেন।

পরিচালক
বেসামরিক কর্মচারী পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর,
বনানী, ঢাকা-১২১৩

আইএসপিআর/নৌ/৩৯

ডিজি-৭৮৭/২৫ (১৫˝×৮)

